

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়  
বিদ্যালয়-২ শাখা

নং-৩৮.০০৮.০২২.০০.০০.০০২.২০১১-১০

২০ পৌষ ১৪২৩  
তারিখঃ -----  
০৩ জানুয়ারি ২০১৭

অফিস আদেশ

এতদ্বারা 'সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক বদলি নির্দেশিকা, ২০১৫' এর ১.২ এবং ২.৮ নির্দেশনাটি পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত স্থগিত করা হলো। নির্দেশিকায় অন্তর্ভুক্ত অন্যান্য নির্দেশনার আলোকে একই উপজেলা/থানা, আন্তঃবিদ্যালয়, আন্তঃউপজেলা/আন্তঃথানা, আন্তঃজেলা, আন্তঃসিটি কর্পোরেশন এবং আন্তঃবিভাগ বদলি অধিক্ষেত্র অনুযায়ী সম্পাদন করতে হবে। বদলি সম্পাদনের ফলোআপ আদেশ জারীর ৭ দিনের মধ্যে মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। বদলির প্রক্রিয়াতে কোন ব্যত্যয় ঘটলে অধিক্ষেত্রের সংশ্লিষ্ট কর্মকর্তা দায়ী থাকবেন এবং বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাঃ  
০৬.০১.১৭  
(নাজিয়া ইসলাম)  
সিনিয়র সহকারি সচিব  
ফোনঃ ৯৫৭৭২৫৫

নং-৩৮.০০৮.০২২.০০.০০.০০২.২০১১-১০

তারিখঃ ০৩ জানুয়ারি ২০১৭

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'ল:

১. চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি/রাঙ্গামাটি/বান্দরবান।
২. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬ (অফিস আদেশটি মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট সকলকে অবহিত করার অনুরোধসহ)।
৩. মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, শিক্ষা ভবন, ঢাকা।
৪. মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ), ময়মনসিংহ।
৫. মননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬. সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা/রাজশাহী/খুলনা/চট্টগ্রাম/বরিশাল/সিলেট/রংপুর বিভাগ।
৮. প্রোগ্রামার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় (অফিস আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ..... (সকল)।
১০. উপজেলা/থানা শিক্ষা অফিসার ..... (সকল)।
১১. অতিরিক্ত সচিবের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. সংরক্ষণ নথি।

স্বাঃ  
০৬.০১.১৭  
(নাজিয়া ইসলাম)  
সিনিয়র সহকারি সচিব